# ক্ষমতায় গেলে অস্বচ্ছল ইমাম-মুয়াজ্জিনদের জন্য মাসিক ভাতার উদ্যোগ: তারেক



সংগৃহীত ছবি

ইমাম–মুয়াজ্জিনদের আর্থিক সহায়তা দিতে রাষ্ট্রীয় ভাতা চালুর পরিকল্পনার কথা জানিয়েছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা ইমাম, খতিব ও মুয়াজ্জিনদের মধ্যে যারা আর্থিকভাবে পিছিয়ে আছেন, তাদের সহায়তা করা রাষ্ট্রের দায়িত্ব মনে করে বিএনপি। সেই লক্ষ্যেই আর্থিক সংকটে থাকা ধর্মীয় নেতৃত্বদের জন্য প্রতি মাসে নির্দিষ্ট সম্মানী প্রদানের পরিকল্পনা নেওয়া হয়েছে।

সোমবার (২৩ নভেম্বর) বিকেলে চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্রে জাতীয় ইমাম ও খতিব সম্মেলনে তিনি এসব কথা বলেন। তারেক রহমান জানান, আগামী নির্বাচনে রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে ধাপে ধাপে ইমাম–মুয়াজ্জিন ভাতা কার্যকর করা হবে। পাশাপাশি তাদের স্থায়ী সহায়তার জন্য ইমাম-মুয়াজ্জিন কল্যাণ ট্রাস্টকে শক্তিশালী করে আরও বহুমুখী প্রকল্প শুরু করারও উদ্যোগ নেওয়া হবে।

তিনি বলেন, লাখো ইমাম-খতিব-মুয়াজ্জিনকে রাষ্ট্রীয় কাঠামোর বাইরে রেখে কল্যাণরাষ্ট্র প্রতিষ্ঠা সম্ভব নয়। তাই ন্যায়ভিত্তিক দেশ গড়তে সবার দোয়া ও সমর্থন চান তিনি।

শাপলা চত্বরে হানাদারি স্টাইলে পরিচালিত ক্র্যাকডাউনের কথাও স্মরণ করে তিনি বলেন, সেই গণঅত্যাচারের প্রতিবাদে ও হেফাজতের সমর্থনে বিএনপি দেশজুড়ে হরতালসহ নানা কর্মসূচি করেছিল।

একই অনুষ্ঠানে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, বিএনপি ক্ষমতায় গেলে কুরআন–সুন্নাহবিরোধী কোনো আইন প্রণয়ন করা হবে না এবং সংবিধানের মূলনীতিতে আল্লাহর ওপর পূর্ণ আস্থা ও বিশ্বাস পুনর্বহাল করা হবে।

LENS ASIA